

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ  
জে এম শাখা  
[www.munshiganj.gov.bd](http://www.munshiganj.gov.bd)

জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী


সভাপতি	:	মোঃ মনিরুজ্জামান তালুকদার জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ
তারিখ	:	১৩ জুন ২০২১ খ্রিঃ
সময়	:	সকাল ১১:০০ টা
স্থান	:	জুম কনফারেন্সিং এর মাধ্যমে (Zoom ID: 602 238 3768)
উপস্থিত সদস্য	:	জুম কনফারেন্সিং এর মাধ্যমে

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ সভার আলোচ্যসূচি মোতাবেক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। সভায় আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১.	জজিবাদ ও সন্ত্রাস প্রতিরোধ, নির্মূল ও নিয়ন্ত্রণের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ	<p>ক) পেশ ইমাম, শহর জামে মসজিদ, মুন্সীগঞ্জ বলেন, প্রতি জুম্মায় স্বাস্থ্য বিধি মেনে বাল্য বিবাহ, যৌন হয়রানি এবং জজিবাদ ও সন্ত্রাস প্রতিরোধ বিষয়ে বয়ান করা হয়।</p> <p>খ) উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বলেন, সুপারভাইজারগণের মাধ্যমে মসজিদ ও ধর্মীয় প্রতিষ্ঠানে মনিটরিং কার্যক্রম অব্যাহত আছে।</p> <p>ঘ) উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ বলেন, গজারিয়া উপজেলায় আইন-শৃঙ্খলা কমিটির সভার সাথে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ সংক্রান্ত সভা করা হয় এবং ইউনিয়ন পর্যায়ে সভা অনুষ্ঠিত এবং কার্যবিবরণী প্রেরণ করা হয়।</p> <p>ঙ) উপজেলা নির্বাহী অফিসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ বলেন, দুইটি ইউনিয়ন কমিটির সভায় তিনি নিজে উপস্থিত ছিলেন।</p> <p>চ) মেয়র, মীরকাদিম পৌরসভা বলেন, মুন্সীগঞ্জ পৌরসভার বর্তমান পরিস্থিতি ভালো। সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির প্রস্তাব অনুমোদনের জন্য দাখিল করা হয়েছে। উক্ত প্রস্তাব অনুমোদনের জন্য তিনি অনুরোধ জানান।</p> <p>ছ) মেয়র, মুন্সীগঞ্জ পৌরসভা বলেন, মীরকাদিম পৌরসভার বর্তমান পরিস্থিতি ভালো। সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির প্রস্তাব অনুমোদনের জন্য দাখিল করা হয়েছে। উক্ত প্রস্তাব অনুমোদনের জন্য তিনি অনুরোধ জানান।</p>	<p>ক) প্রতি জুম্মার খুতবায় সন্ত্রাস ও নাশকতা বিষয়ে আলোচনা অব্যাহত রাখতে হবে।</p> <p>খ) সরকারি নির্দেশনা ও স্বাস্থ্যবিধি মেনে মসজিদে নামাজ আদায় করতে হবে।</p> <p>গ) উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে।</p> <p>ঘ) সন্ত্রাস ও নাশকতা সৃষ্টিকারীদের বিস্মৃদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>ঙ) পৌরসভা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি পুনঃগঠনের নিমিত্ত প্রাপ্ত প্রস্তাব অনুমোদনের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে।</p>	<p>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), মুন্সীগঞ্জ</p> <p>২। মেয়র, মুন্সীগঞ্জ পৌরসভা</p> <p>৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল), মুন্সীগঞ্জ</p> <p>৪। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মুন্সীগঞ্জ</p>
----	---	---	--	--

২	চলমান আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিষয়ক	<p>ক) পুলিশ সুপার, মুন্সীগঞ্জ বলেন, এ জেলার বর্তমান পরিস্থিতি ভালো আছে। তবে ধর্ম নিয়ে যাতে কেউ ব্যবসা করতে না পারে সেবিষয়ে স্থানীয় জনসাধারণকেও সতর্ক থাকতে হবে।</p> <p>খ) জনাব সাগুফতা ইয়াসমিন, মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-২ বলেন, সিরাজদিখানের মধুপুরে হেফাজতে ইসলামের কর্মীরা যা করতে চেয়েছিল তাতে কুচুকী মহলের ইন্ধন রয়েছে। কেউ যাতে কোন প্রকার বিশৃঙ্খলা করতে না পারে সেবিষয়ে সকলকে সতর্ক থাকার আহ্বান জানান।</p> <p>গ) সভাপতি বলেন, বর্তমানে মুন্সীগঞ্জ জেলার অবস্থা ভালো। তবে এ ধারা অব্যাহত রাখতে হবে। মাদ্রাসাসমূহে যথাযথ কমিটি গঠন করতে হবে। কেউ যাতে ধর্মের অপব্যাখ্যা করতে না পারে, সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে। ধর্ম বিষয়ে সঠিক নির্দেশনা প্রদান করা হলে শান্তি-শৃঙ্খলা বজায় থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।</p>	<p>ক) জঙ্গি তৎপরতা রোধকল্পে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে।</p> <p>খ) এ জেলায় কয়টি কওমী মাদ্রাসা আছে তার তালিকা করতে হবে।</p>	<p>১। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ ২। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ ৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল), মুন্সীগঞ্জ ৪। মেয়র, মুন্সীগঞ্জ/ মীরকাদিম, পৌরসভা ৫। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মুন্সীগঞ্জ</p>
---	------------------------------------	--	--	---

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
মোঃ মনিরুজ্জামান তালুকদার  
জেলা ম্যাজিস্ট্রেট


ও  
সভাপতি  
জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি, মুন্সীগঞ্জ

স্মারক নম্বর: ০৫.৩০.৫৯০০.৪০৫.০৭.০১৫.১৯- ৯৯

তারিখ ২০ জুন ২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৪। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ৬। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ
- ৭। সিভিল সার্জন, মুন্সীগঞ্জ
- ৮। অধ্যক্ষ, সরকারি হরগঞ্জা কলেজ, মুন্সীগঞ্জ
- ৯। চেয়ারম্যান,....., উপজেলা পরিষদ (সকল), মুন্সীগঞ্জ
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, .....(সকল), মুন্সীগঞ্জ
- ১১। মেয়র, মুন্সীগঞ্জ /মিরকাদিম পৌরসভা, মুন্সীগঞ্জ
- ১২। জনাব ..... মুন্সীগঞ্জ
- ১৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, মুন্সীগঞ্জ (জেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

  
মোঃ মানিরুজ্জামান তালুকদার  
জেলা ম্যাজিস্ট্রেট

ও

সভাপতি

জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি, মুন্সীগঞ্জ

ফোনঃ ৭৬১১১০০ (অফিস)

e-mail: [dcmunshiganj@mopa.gov.bd](mailto:dcmunshiganj@mopa.gov.bd)